

FEB. 6 2001

দৈনিক কলকাতা

তারিখ ... ..  
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

## বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের জানুয়ারি বেতনের সরকারী অংশ সংশ্লিষ্ট ব্যাংকে

### হস্তান্তর

বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসা  
এবং কারিগরি বেসরকারী এসএসসি  
(ভোকেশনাল) ও এইচএসসি  
(ব্যবসায় ব্যবস্থাপনা)-এর শিক্ষক  
এবং কর্মচারীদের জানুয়ারি ২০০১  
মাসের বেতনভাতার সরকারী অংশের  
টাকা আগামী ১৫ ফেব্রুয়ারির মধ্যে

উত্তোলনের জন্য সংশ্লিষ্ট শিক্ষা  
প্রতিষ্ঠানের প্রধানকে অনুরোধ করা  
হয়েছে।

এই টাকা ইতোমধ্যে অনুদান  
বন্টনকারী জনতা, অগ্রণী, রূপালী ও  
সোনালী ব্যাংক কর্তৃপক্ষের কাছে  
হস্তান্তর করা হয়েছে।

উল্লেখ্য যে, কোন সঙ্গত কারণে  
যেসব শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক-  
কর্মচারী চলতি অর্থবছরের (২০০০-  
২০০১) বকেয়া টাকা নির্ধারিত  
সময়ের মধ্যে উত্তোলন করতে  
পারেননি, তাঁরাও ব্যক্তিগত ব্যাংক  
এ্যাকাউন্টের মাধ্যমে এ সময়ের টাকা  
এক সাথে তুলতে পারবেন। তথ্য  
বিবরণী।